# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২২-২০২৩/১২১৬ তারিখঃ ১৩ এপ্রিল ২০২৩

**বিষয়ঃ ২০ এপ্রিল ২০২৩ তারিখ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে তফসিলি ব্যাংক বন্ধ রাখা এবং ঈদ পরবর্তী অফিস সময়সূচি নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র নংঃ ডিওএস সার্কুলার লেটার নং-১১, তারিখ ১৩ জুলাই ২০২৩ ডিপার্টমেন্ট অব অফ সাইট সুপারভিশন, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

সূত্রোক্ত পত্রের নির্দেশনার প্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এর পূর্বে তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে **প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ (ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, আর্ন্তজাতিক বাণিজ্য বিভাগ, ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ ও আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ) সহ স্থানীয় মুখ্য কার্যালয়, কাওরান বাজার কর্পোরেট শাখা, বনানী কর্পোরেট শাখা, নারায়নগঞ্জ কর্পোরেট শাখা, টঙ্গী শাখা, সাভার শাখা, আশুলিয়া শাখা, গাজীপুর শাখা, ভালুকা শাখা, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম কর্পোরেট শাখা ও ষোলশহর শাখা** পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ১৯, ২০ এবং ২১ এপ্রিল ২০২৩ তারিখ সরকারি ছুটির দিন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| তারিখ | অফিস সময়সূচি | লেনদেনের সময়সূচি |
|---|---|---|
| ১৯ ও ২০ এপ্রিল ২০২৩ বুধবার ও বৃহস্পতিবার | সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ন ২:৩০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১:১৫ ঘটিকা হতে ১:৩০ ঘটিকা পর্যন্ত যোহরের নামাজের বিরতি) | সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ন ১:০০ ঘটিকা পর্যন্ত |
| ২১ এপ্রিল ২০২৩ শুক্রবার | সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১:০০ ঘটিকা হতে ১:৪৫ ঘটিকা পর্যন্ত জুম্মার নামাজের বিরতি) | সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ন ১২:৩০ ঘটিকা পর্যন্ত |

০২। ১৯, ২০ ও ২১ এপ্রিল ২০২৩ তারিখে বাংলাদেশ ব্যাংকের ক্লিয়ারিং ব্যবস্থা চালু থাকবে। তবে, ক্লিয়ারিং ব্যবস্থা সুষ্ঠুরূপে পরিচালনার স্বার্থে শুধুমাত্র ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়নগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট ব্যাংক শাখার উপর চেক প্রদান করা যাবে।

০৩। ঈদ পরবর্তী সময়ে ব্যাংকের অফিস সময় সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৫:০০ ঘটিকা পর্যন্ত এবং লেনদেনের সময় সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৩:৩০ ঘটিকা পর্যন্ত (রমজান-পূর্ব সময়ের ন্যায়) পরিচালিত হবে।

০৪। উল্লেখ্য, ১৯, ২০ ও ২১ এপ্রিল ২০২৩ তারিখ ছুটির দিন হওয়ায় ঐদিন অফিসের কাজে উপস্থিত থাকার জন্য অত্র বিভাগ হতে গত ২০-১০-২০১৩ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক জন প্রতি কর্মকর্তাগণকে ৪০০/-(চার শত) টাকা এবং কর্মচারীগণকে ৩০০/-(তিন শত) টাকা হারে ভাতা প্রদান করা যাবে। তবে উক্ত তারিখে অফিসে উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ কোন যাতায়াত/মধ্যাহ্ন ভোজন ভাতা প্রাপ্য হবেন না।

১৩.০৪.২৩

(কে. এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

বিতরণঃ

০১। উপমহাব্যবস্থাপক, ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট/আর্ন্তজাতিক বাণিজ্য/ট্রেজারী ম্যানেজমেন্ট/ আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২২-২০২৩/১২১৬ তারিখঃ ১৩ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

১৩/০৪/২০২৩

(বিপুল চন্দ্র সরকার)
মুখ্য কর্মকর্তা

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন


ডিওএস সার্কুলার লেটার নং-১১

তারিখঃ ৩০ চৈত্র ১৪২৯ / ১৩ এপ্রিল ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**২০ এপ্রিল ২০২৩ তারিখ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে তফসিলি ব্যাংক বন্ধ রাখা এবং ঈদ পরবর্তী অফিস সময়সূচি নির্ধারণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয় এর ১১ এপ্রিল ২০২৩ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-৬১ এর মাধ্যমে ২০ এপ্রিল ২০২৩ তারিখ বৃহস্পতিবার পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সাধারণ ছুটি ঘোষণা করায় তফসিলি ব্যাংকসমূহের শাখা/উপশাখা বন্ধ থাকবে।

০২। আসন্ন ঈদ-উল-ফিতর এর পূর্বে তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ১৯, ২০ এবং ২১ এপ্রিল ২০২৩ তারিখ সরকারি ছুটির দিন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

| তারিখ | অফিস সময়সূচি | লেনদেনের সময়সূচি |
|---|---|---|
| ১৯ ও ২০ এপ্রিল ২০২৩<br>বুধবার ও বৃহস্পতিবার | সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ণ ২:৩০ ঘটিকা পর্যন্ত<br>(দুপুর ১:১৫ ঘটিকা হতে ১:৩০ ঘটিকা পর্যন্ত যোহরের নামাজের বিরতি) | সকাল ৯:৩০ ঘটিকা হতে<br>অপরাহ্ণ ১:০০ ঘটিকা পর্যন্ত |
| ২১ এপ্রিল ২০২৩<br>শুক্রবার | সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ণ ৩:০০ ঘটিকা পর্যন্ত<br>(দুপুর ১:০০ ঘটিকা হতে ১:৪৫ ঘটিকা পর্যন্ত জুম্মার নামাজের বিরতি) | সকাল ৯:৩০ ঘটিকা হতে<br>অপরাহ্ণ ১২:৩০ ঘটিকা পর্যন্ত। |

০৩। ১৯, ২০ ও ২১ এপ্রিল ২০২৩ তারিখে বাংলাদেশ ব্যাংকের ক্লিয়ারিং ব্যবস্থা চালু থাকবে। তবে, ক্লিয়ারিং ব্যবস্থা সুষ্ঠুরূপে পরিচালনার স্বার্থে উল্লিখিত এলাকার বাইরে অবস্থিত কোন ব্যাংক শাখার উপর চেক প্রদান করা যাবে না।

০৪। ঈদ পরবর্তী সময়ে তফসিলি ব্যাংকের অফিস সময় সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ণ ৫:০০ ঘটিকা পর্যন্ত এবং লেনদেনের সময় সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ণ ৩:৩০ ঘটিকা পর্যন্ত (রমজান-পূর্ব সময়ের ন্যায়) পরিচালিত হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


(আরিফ হোসেন খান)
পরিচালক (ডিওএস)
ফোন ঃ ৯৫৩০০৯৩